লেন্স এশিয়া

১৬ সেপ্টেম্বর, ২০২৬

# আওয়ামী লীগের মিছিলের পর গুলশান জোনের ডিসি প্রত্যাহার



ডিএমপি কার্যালয় ও গুলশান জোনের ডিসি এম তানভীর আহমেদ। ছবি: সংগৃহীত

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গুলশান বিভাগের উপপুলিশ কমিশনার (ডিসি) এম তানভীর আহমেদকে ডিএমপি সদর দপ্তরে সংযুক্ত করা হয়েছে।

বুধবার (১৬ সেপ্টেম্বর) ডিএমপি কমিশনার মোসলেহ উদ্দিন আহমদের সই করা এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়। আদেশ অনুযায়ী প্রশাসনিক কারণে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এম তানভীর আহমেদ সদর দপ্তরে সংযুক্ত থাকবেন। আদেশটি তাৎক্ষণিকভাবে কার্যকর হয়েছে।

তবে অফিস আদেশে তাকে সদর দপ্তরে সংযুক্ত করার নির্দিষ্ট কোনো কারণ উল্লেখ করা হয়নি।

এর আগে বুধবার সকালে গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. দাউদ হোসেনকেও প্রত্যাহার করা হয়। সংশ্লিষ্ট সূত্রের বরাতে জানা গেছে গুলশানে আওয়ামী লীগের (বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ) ঝটিকা মিছিলের ঘটনায় দুজনের বিরুদ্ধে এ ব্যবস্থা নেওয়া হয়েছে।

গত শুক্রবার গুলশান-১ এলাকায় আওয়ামী লীগের কয়েকশ নেতাকর্মী মিছিল বের করেন। পুলিশ তাদের ছত্রভঙ্গ করার চেষ্টা করলে মিছিল থেকে দুটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ দুই রাউন্ড রাবার বুলেট ছোড়ে।

ঘটনাস্থল থেকে পাঁচটি তাজা ককটেলসহ দুজনকে আটকের কথাও জানিয়েছিল পুলিশ। একই ঘটনায় গুলশান থানায় সন্ত্রাসবিরোধী আইনে মামলা করা হয়। মামলায় ১১৮ জনের নাম উল্লেখের পাশাপাশি অজ্ঞাতনামা আরও ৮০ থেকে ১০০ জনকে আসামি করা হয়েছে।

পুলিশের তথ্য অনুযায়ী গত সোমবার পর্যন্ত মামলাটিতে ৮৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের মধ্যে ২৪ জনকে রিমান্ডে নেওয়া হয়েছে।

এদিকে গুলশানের মতো গুরুত্বপূর্ণ এলাকায় কয়েকশ মানুষের এমন জমায়েতের বিষয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী আগে থেকে অবগত ছিল কি না এবং থাকলে কেন আগাম ব্যবস্থা নেওয়া হয়নি তা নিয়ে প্রশ্ন উঠেছে।

মিছিল চলাকালে ককটেল বিস্ফোরণ এবং পরবর্তী সময়ে বিপুলসংখ্যক গ্রেপ্তার নিয়েও আলোচনা চলছে। এর মধ্যেই গুলশান থানার ওসির পর এবার গুলশান বিভাগের ডিসিকেও সদর দপ্তরে সংযুক্ত করা হলো।